Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 13 May, 2025

ময়মনসিংহের ত্রিশালে নজরুল জন্মজয়ন্তী জাতীয় ভাবে উদযাপনের দাবীতে সড়ক অবরোধ করার ঘটনা ঘটে।এতে সড়কের দু'পাশে যানজট সৃষ্টি হলে ভোগান্তিতে পড়ে সাধারণ মানুষ।

মঙ্গলবার (১৩ মে) দুপুর ২টা থেকে ১টা পর্যন্ত ঢাকা ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে রাখে নজরুল প্রেমিরা। এর আগে গতকাল সোমবার আমরা ত্রিশালবাসী নামক ব্যানারে মানববন্ধন, বিক্ষোভ মিছিল করে ও জেলা প্রশাসকের মাধ্যমে প্রধান উপদেষ্টা বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

সুত্র জানায়, ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী জাতীয় পর্যায়ে পালন করার জন্য ময়মনসিংহবাসীর মাঝে ক্ষোভ সৃষ্টি হয়।এ দাবিতে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করে ত্রিশালবাসী।তাদের দাবি, কবির বাল্যস্মৃতি বিজড়িত ত্রিশালের নজরুল মঞ্চে নজরুল জয়ন্তী উদযাপন করতে হবে।

বিক্ষোভকারীদের দাবি দ্রুত সময়ের মধ্যে মেনে না নিলে আগামীকাল থেকে অনির্দিষ্টকালের জন্য রাস্তা অবরোধ করে রাখবেন। বিক্ষোভে অংশ নেন শিক্ষক, শিক্ষার্থী, সুশিল সমাজ, রাজনৈতিক, সাংস্কৃতিক, সাংবাদিকবৃন্দসহ সর্বস্তরের সাধারন মানুষ এতে অংশ গ্রহণ করেন।

ত্রিশাল উপজেলা নির্বাহি অফিসার আব্দুল্লাহ আল বাকীউল বারী বলেন, আন্দোলনকারীদের দাবির ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হবে। এমন আশ্বাসে আজকের জন্য অবরোধ তুলে নেয় বিক্ষোব্দরা। এবং আন্দোলনকারীরা বলেন, দাবি না মানলে আগামীকাল থেকে

অনির্দিষ্টকালের জন্য সড়ক অবরোধ করা হবে।

নজরুল জয়ন্তী সড়ক অবরোধ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:09

URL: https://www.timestodaybd.com/mymensingh/2425775807